**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**07 MARCH 2025** **7:45—7:55 PM IST**

======================================================

(১) নরেন্দ্র মোদি নেতৃত্বাধীন সরকার ২০২৭ সালের মধ্যে ভারতবর্ষকে বিশ্বের তৃতীয় বৃহৎ অর্থনীতি হিসেবে প্রতিষ্ঠা করতে সমর্থ হবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের মন্তব্য ।

(২) রাজ্য দুর্যোগ ব্যাবস্থাপনা পরিকল্পনায় বেশ কিছু পরিস্থিতিকে দুর্যোগ হিসেবে স্বীকৃতি ।

(৩) ২০২৪ বর্ষের জন্য সাহিত্য একাডেমী অনুবাদ পুরস্কার ঘোষণা । বাংলা ভাষায় অনুবাদ সাহিত্যের জন্য বাসুদেব দাস ,অসমীয়াতে অঞ্জন শর্মার গ্রন্থ সহ মোট ২১টি অনুবাদ গ্রন্থকে এই পুরস্কারের জন্য নির্বাচিত ।

এবং

(৪) বরাক উপত্যকার তিন জেলায়ও আগামীকাল আর্ন্তজাতিক নারী দিবস পালনের প্রস্তুতি ।

---

নরেন্দ্র মোদি নেতৃত্বাধীন সরকার ২০২৭ সালের মধ্যে ভারতবর্ষকে বিশ্বের তৃতীয় বৃহৎ অর্থনীতি হিসেবে প্রতিষ্ঠা করতে সমর্থ হবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ মন্তব্য

করেছেন । থক্কোলামে আজ কেন্দ্রীয় শিল্প সুরক্ষা বাহিনী (সি আই এস এফের ) ৫৬ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে ভাষণ দিয়ে তিনি একথা বলেন । তিনি বলেন যে দেশের উন্নয়নের গুরুত্বপূর্ণ অংশ হিসেবে বিবেচিত হয়ে আসা সি আই এস এফ দেশের জনসাধারণকে সুরক্ষা প্রদানের জন্য সমগ্র দেশে গুরুত্বপূর্ণ সংস্থা হিসেবে পরিগণিত হয়েছে ।

কেন্দ্রীয় সরকার ২০১৯ সাল থেকে সি আই এস এফের প্রতিষ্ঠা দিবস দেশের বিভিন্ন স্থানে উদযাপন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে বলে উল্লেখ করে শ্রী শাহ আজকের অনুষ্ঠানে ২২ জন সাহসী সৈনিককে পদক প্রদান করার সুযোগ লাভ করা তাঁর জন্য সম্মানজনক বলে জানান । দেশের বিভিন্ন স্থানে রেল স্টেশন ,মেট্রো স্টেশন ,বিমান বন্দর ইত্যাদির মাধ্যমে যাত্রা করা বিভিন্ন শ্রেণীর ১ কোটি যাত্রীকে সি এস এফের জওয়ানরা সুরক্ষা প্রদান করে আসছে বলে উল্লেখ করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন যে দেশের ২৫০ টি বন্দরকে সি আই এস এফের সুরক্ষা ব্যাবস্থার অধীনে অর্ন্তভুক্ত করা হবে এবং এই বন্দরগুলিতে যাত্রীকে সুরক্ষা প্রদানের ক্ষেত্রে আর্ন্তজাতিক মান অবলম্বন করা হবে । সি আই এস এফের মহিলা কর্মীদের ১২৪ টি বেরেক প্রদান করা হয়েছে বলে উল্লেখ করে তিনি আরো বলেন যে প্রতিষ্ঠানটির জওয়ানদের স্বাস্থ্যের প্রতিও সরকার গুরুত্ব দিচ্ছে । আজকের অনুষ্ঠানে তথ্য ও সম্প্রচার ও সংসদীয় পরিক্রমা মন্ত্রী ড.এল মুরুগানও অংশগ্রহণ করেন ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আগামী ১৪ ই মার্চ তিনদিনের সফরে আসামে আসছেন ।১৫ ই মার্চ সকালে তিনি আসাম পুলিশের প্রশিক্ষণ কেন্দ্র উদ্বোধন করবেন এরপর তিনি মিজোরামের উদ্দেশ্যে রওয়ানা হবেন ।আইজলে উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলোর রাজ্যপাল এবং মুখ্যমন্ত্রীদের এক সম্মেলনে অংশগ্রহণ করে তিনি রাতে গুয়াহাটী ফিরে আসবেন ।শ্রী শাহ গুয়াহাটীতে মন্ত্রীসভার সদস্য তথা দলীয় কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠকে মিলিত হওয়ার কথা রয়েছে ।১৬ মার্চ তিনি কোকরাঝারে সারা বড়ো ছাত্রসংস্থার কেন্দ্রীয় অধিবেশনে মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করবেন । কোকরাঝার থেকে শ্রী শাহের দিল্লী ফিরে যাবার কথা রয়েছে ।

---

আসাম রাজ্য দূর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ রাজ্য দূর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনায় বেশ কিছু পরিস্থিতিকে দূর্যোগ হিসেবে স্বীকৃতি প্রদান করেছে ।রাজস্ব এবং দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগের মন্ত্রী কেশব মহন্ত আজ বিধানসভায় বিধায়ক মনরঞ্জন তালুকদারের এক প্রশ্নের উত্তরে একথা জানান ।শ্রী মহন্ত বলেন যে ভূমিকম্প , বন্যা ,ধস, ভূমিস্খলন

,খরা , ঘূর্ণি ঝড় , ঝড় ,তাপ প্রবাহ বজ্রপাত , দাবানল , জৈবিক এবং জনস্বাস্থ্য জনিত জরুরীকালীন অবস্থা , রাসায়নিক , পারমানবিক এবং রেডিওলজিক্যাল জরুরীকালীন অবস্থাকে দূর্যোগের মধ্যে অর্ন্তভুক্ত করা হয়েছে ।বন্যা সহ অন্যান্য প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থ ৬ লক্ষ ৮৭ হাজার ৫৬২ জন হিতাধিকারীকে জাতীয় দূর্যোগ সহায়তা তহবিলের অধীনে ৩৫৬ কোটি ৫৬ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে বলে বিভাগীয় মন্ত্রী শ্রী মহন্ত জানান ।
এদিকে আজ বিধানসভায় হস্তাঁত , বস্ত্রশিল্প ও রেশম বিভাগের মন্ত্রী উর্খাও গৌড়া ব্রহ্ম বিধায়ক মনরঞ্জন তালুকদারের এক প্রশ্নের উত্তরে জানান যে হস্ততাঁত , বস্ত্রশিল্প ও রেশম বিভাগের অধীনে রাজ্যে বর্তমানে ৩৩৯ টি সরকারী রেশম ফার্ম রয়েছে ।

-------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে জনৌষধি দিবসে স্বাস্থ্যকর ভারতের লক্ষ্য নিশ্চিত করার উদ্দেশ্যে জনসাধারণকে উৎকৃষ্ট মানের ও সুলভ ঔষধ প্রদানের দায়বদ্ধতাকে প্রতিফলিত করে । আজ জনৌষধি দিবস উপলক্ষ্যে এক বার্তায় শ্রী মোদী দেশের প্রতিটি প্রান্তে কিভাবে গুণগত মানের ঔষধ লাভ করা গেছে ,কিভাবে সুলভ মূল্যের ঔষধ পরিবারগুলির অর্থ সাশ্রয় করতে সহায়তা করেছে এবং কিভাবে ভারতের জনৌষধি সমগ্র বিশ্বকে অনুপ্রাণিত করেছে সে বিষয়ে জানান ।
কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা জনৌষধি  দিবস উপলক্ষ্যে এক বার্তায় বলেন যে অচ্ছি ভি সস্তি ভি মন্ত্রে প্রধানমন্ত্রী জনৌষধি যোজনা সকলকে স্বাস্থ্য সেবার সুবিধা লাভ করার ক্ষেত্রে যুগান্তকারী ভূমিকা পালন করেছে । তিনি বলেন যে সমগ্র দেশের ১৫ হাজারেরও অধিক জনৌষধি কেন্দ্র দৈনিক ১ নিযুত লোককে সেবা প্রদান করে আসছে । এই যোজনার বিভিন্ন দিক নিয়ে আলোকপাত করে শ্রী নাড্ডা বলেন যে এর মাধ্যমে কেবল সুলভ মূল্যের ঔষধ প্রদান করাই নয় , প্রত্যেক নাগরিকের চিকিৎসা লাভ করার বিষয়টি নিশ্চিত করা হয়েছে ।
প্রধানমন্ত্রী জনৌষধি দিবসের সঙ্গে সঙ্গতি রেখে রাজ্যের বিভিন্ন প্রান্তেও আজ নানা কার্যসূচী রূপায়ন করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

২০২৪ বর্ষের সাহিত্য একাডেমী অনুবাদ পুরস্কার আজ ঘোষণা করা হয়েছে ।বাংলা অসমিয়া সহ মোট ২১ টি অনুবাদ গ্রন্থের জন্য এই পুরস্কার ঘোষণা করা হয়েছে ।সংস্কৃত এবং নেপালী ভাষার পুরস্কার সমুহ পরবর্তী সময়ে ঘোষণা করা হবে বলে সাহিত্য একাডেমি পুরস্কার সমিতির পক্ষ থৈকে জানানো হয়েছে ।লেখক অনুবাদক বাসুদেব দাসকে হোমেন বরগোহাঁইর সাউদর পুতেকে নাও মেলি যায় শীর্ষক গ্রন্থটির

বাংলা ভাষায় অনুবাদের জন্য একাডেমী পুরস্কারের জন্য নির্বাচিত করা হয়েছে ।প্রাচীন কামরূপের ইতিহাস শীর্ষক অনুবাদ গ্রন্থের জন্য অঞ্জন শর্মাকে ,অনুরাধা শর্মা পূজারীর কাঞ্চন উপন্যাসের বড়ো ভাষায় অনুবাদের জন্য উত্তরা বিসমুথিয়ারীকে এই পুরস্কারের জন্য নির্বাচিত করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায়ও আগামীকাল বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে আর্ন্তজাতিক নারী দিবস উদযাপন করা হবে ।

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে এবং জেলা সমাজকল্যাণ বিভাগের সহযোগীতায় শিলচর গুরুচরণ কলেজ অডিটরিয়ামে সকাল ১১ টা থেকে আর্ন্তজাতিক নারী দিবস উপলক্ষ্যে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

হাইলাকান্দি জেলার শ্রীকিষাণ - সারদা কলেজের উদ্যোগে জেলার এডুকেশন কমপ্লেক্সের প্রেক্ষাগৃহে সকাল সাড়ে ১০ টা থেকে আর্ন্তজাতিক নারী দিবস উপলক্ষ্যে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এতে জেলার পাঁচ জন মহিলাকে সম্বর্ধনা জানানো হবে এবং একটি আলোচনা সভারও আয়োজন করা হয়েছে ।

অনুরূপভাবে শ্রীভূমি জেলায়ও আগামীকাল আর্ন্তজাতিক নারী দিবস উপলক্ষ্যে নানা কার্যসূচীর আয়োজন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

কাছাড় জেলার স্বাস্থ্য পরিকাঠামোকে শক্তিশালী করার লক্ষ্যে পাওয়ার গ্রীড কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা প্রকল্পে জেলার স্বাস্থ্য কেন্দ্রগুলিতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে জেনারেটর প্রদান করেছে । এ উপলক্ষ্যে আজ শিলচরে জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সম্মেলন কক্ষে একটি সমঝোতা চুক্তি সাক্ষর করা হয়েছে । চুক্তি অনুসারে পাওয়ার গ্রীড কর্পোরেশন কাছাড় জেলার সাতটি স্বাস্থ্য কেন্দ্রে ৫ কে ভি এ ডিজেল জেনারেটর প্রদান করেছে যার বাজার মূল্য ১৫ লক্ষ ৯১ হাজার টাকা । জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে-র পৌরহিত্যে আয়োজিত সভায় পাওয়ার গ্রীড কর্পোরেশনের ডি জি এম অনিন্দ দেব লস্কর জানান যে ----------- বাইট ।

উল্লেখ্য এই ডিজেল জেনারেটরগুলি বিক্রমপুর , বড়খলা , উধারবন্দ , ছোটমামদা , সোনাই , ধলাই এবং জালালপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে স্থাপন করা হবে । সমঝোতা

চুক্তি অনুষ্ঠানে জেলার স্বাস্থ্য বিভাগের যুগ্ম-সঞ্চালক ডক্টর শিবানন্দ রায় উপস্থিত ছিলেন ।

---

আকাশবাণী শিলচর কেন্দ্রে সম্পূর্ন অস্থায়ীভাবে ডিমাসা অনুষ্ঠান প্রস্তুত ও পরিবেশনার জন্য কিছু উপস্থাপক-উপস্থাপিকা নেওয়া হবে । আবেদনকারীদের বয়স ২০ থেকে ৫০ বছরের মধ্যে , যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক , ডিমাসা ভাষা স্পষ্টভাবে বলা , পড়া , লেখার দক্ষতা থাকতে হবে এবং ডিমাসা কৃষ্টি -ভাষা -সংস্কৃতি সর্ম্পকে জ্ঞান থাকতে হবে । আবেদন পত্র জমা দেওয়ার শেষ তারিখ হচ্ছে আগামী ৩১শে মার্চ । ইচ্ছুক প্রার্থীদের বিশদ বিবরণের জন্য আকাশবাণী শিলচর কেন্দ্রের সরকারী ফেইসবুক পেইজ দেখতে বলা হয়েছে ।

---

কাছাড় জেলা আইন সেবা কর্তৃপক্ষ থেকে জানানো হয়েছে যে আগামীকাল শিলচর জেলা জজ ও দায়রা আদালত প্রাঙ্গনে জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । লোক আদালতে আপোষ মিমাংসা যোগ্য মামলাগুলির শুনানী গ্রহন করা হবে । জেলা আইন সেবা কর্তৃপক্ষ থেকে জাতীয় লোক আদালতের সুযোগ গ্রহন করতে অনুরোধ করা হয়েছে ।

---

শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের শতবর্ষ পূর্তী উপলক্ষে আগামী ১৫ ই মার্চ থেকে সপ্তাহব্যাপী বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয়েছে ।কার্যসূচীর মধ্যে রয়েছে ১৫ ই মার্চ রামকৃষ্ণ মঠ ও মিশনের বিভিন্ন শাখা কেন্দ্রের সন্যাসী ও ব্রহ্মচারী মহারাজদের শিলচর মিশনে আগমন , মা সারদা দাতব্য চিকিৎসালয় উদ্বোধন , ১৬ ই মার্চ সকাল সাড়ে ৬ টায় বর্ণাঢ্য শোভাযাত্রা , ১৮ ই মার্চ নবনির্মীত মন্দিরের দ্বারোদঘাটন ,এছাড়া অন্যান্য কার্যসূচীর মধ্যে রয়েছে প্রতিদিন সন্ধ্যা আরতির পর ভক্তিমূলক সঙ্গীতের অনুষ্ঠান , নাটক ইত্যাদি ।

---